দর্শনায় ছাত্র জনতার নির্যাতন ও বোমা হামলার প্রতিবাদে অবিভাবকদের মানববন্ধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় ছাত্র ছাত্রীরা দর্শনা বাজার থেকে স্বৈরাচার শেখ হাসিনার বিরুদ্ধে বিক্ষোভ মিছিল অনুষ্টিত হয়।

এ মিছিলে ৪ আগস্ট কতিপয় দুর্বৃত্ত কতৃক ছাত্র জনতার উপর নগ্ন ও বোমা হামলার প্রতিবাদে অভিভাবকরা মানববন্ধন করেছে।

আজ বৃহস্পতিবার বিকালে দর্শনা বাসষ্ট্যান্ড চৌরাস্তার মোড়ে ছাত্র জনতার অবিভাকরা মানববন্ধন ও প্রতিবাদ সভা করেছে। ঐদিন বিকাল ৫ টায় দর্শনা থানা এলাকায় নির্যাতনের স্বীকার ছাত্র জনতার অবিভাবক মা বাবা ভাই বোন ও আত্নীয় স্বজনেরা মানব বন্ধনে দাড়ালে দর্শনা -চুয়াডাঙা গামী ও দর্শনা -যশোরগামী পরিবহন সহ সব ধরনের যান বাহন চলাচল আধাঘণ্টার জন্য বন্ধ হয়ে যায়। এতে সাধারন মানুষ চলাচলে বিঘ্ন ঘটে সৃষ্টি হয় জানজোটের।

এ সময় ছাত্র জনতা দর্শনা বাসষ্ট্যান্ড বগ চত্তরে ৪ আগষ্টের কথা তুলে ধরে। এ মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন রাজিব আহম্মেদ,সজিব হাসান,পলাশ আহম্মেদ,রুবেল হোসেন,সাইদুর রহমান লিংকন ও আঃ হাই মিয়া।

এ সময় বক্তব্যকালে বলেন স্বৈরাচারী শেখ হাসিনাসহ ২ আসনের সাবেক এমপি আলী আজগার টগরের গুন্ডা বাহীনী দিয়ে ছাত্র ছাত্রীদের উপর যে হামলা চালিয়েছে তার সুষ্ঠু তদন্ত করে বিচারের আওতায় আনতে হবে। ছাত্ররা আরও বলেন,ফ্যাসিস্ট সরকারের আলোচনা সমালোচনা করে বলেন ছাত্র জনতার প্রতিরোধে যেসব সন্ত্রাসীরা দেশ ছেড়ে পালিয়ে গিয়েছিল, তারা ফের এলাকায় এসে আইন শৃংখলার অবনতি ঘটানোর চেস্টা করছে,তাদেরকে কঠোর হাতে দমন করতে হবে বলে হুসিয়ারি দেন।

দর্শনা কেরু ডিষ্ট্রিলারী থেকে চুরি ঠেকাতে ৪ স্তরের নিরাপত্তা ব্যবস্থা জোরদার

চুয়াডাঙ্গা জেলার ঐতিহ্যবাহী কেরু চিনিকল এ চিনিকলে ৪টি কমপ্লেক্স নিয়ে গঠিত চিনিকলটি।এ চিনিকলের মৃল হচ্ছে দর্শনা ডিষ্ট্রিলারী। ইতিমধ্যে ডিষ্ট্রিলারী থেকে চুরি ঠেকাতে নানা মুখি পদক্ষেপ গ্রহন করেছেন নবাগত এমডি রাব্বিক হাসান।

দর্শনা কেরু শ্রমিক ইউনিয়নের নবাগত সাধারন সম্পাদক হাফিজুর ইসলাম হাফিজ বলেন,বর্তমানে কেরু ডিষ্টিলারীতে চুরি ঠেকাতে ৪ স্তরের নিরাপত্তা ব্যাবস্থা জোরদার করেছে। যে সব শ্রমিক কাজ করে ফরেনলিকার ও বাংলা মদের ফ্যাক্টরিতে তাদের প্রত্যকের চেকিং করে বেরোনো ও ঢুকনো হচ্ছে। এবং গেটে ৪ জন দারুয়ান রাখা হয়েছে। এসব নিরাপত্তা ব্যাবস্থা জোরদার করার ফলে বর্তমানে চুরি শুন্যের কোঠায় চলে এসেছে।এসব পদক্ষেপ গ্রহন করায় এমডি রাব্বিক হাসানকে সাধুবাদ জানিয়েছে শ্রমিক ইউনিয়ন ও সুধি মহল। দর্শনা কেরু ডিষ্ট্রিলারী থেকে ফরেনলিকার ও বাংলা মদ চুরি করার যতই চাতুরী ও কৌশল অবলম্বন করেন না কেন নিশ্চিত ধরা খাবেন চোরেরা ।

আজ দর্শনা কেরুজ ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান জানান, চোরেরা কেরু ডিষ্ট্রিলারী থেকে ফরেনলিকার বা বংলা মদ চুরি করার যতই চেষ্টা করুক না কেন ধরা খাবে নিশ্চিত। দীর্ঘদিন ধরে দর্শনা কেরু ডিষ্ট্রিলারী থেকে ফরেনলিকার ও বাংলা মদ চুরি হয়ে আসছে নানা কৌশলে। ফলে ফরেনলিকার ও বাংলা মদ চুরি বন্ধ করতে বেশ কিছু গোপন পদক্ষেপ নিয়েছেন কেরুজ নবাগত এমডি রাব্বিক হাসান।

তিনি আরো জানান দীর্ঘদিন কেরুজ মদ চুরি ঘটনা ঘটে চলেছে। ফলে এবার আমরা শুধু সিসিটিভি ক্যামেরা নয় বেশ কিছু গোপন পদক্ষেপ নিয়েছি। মদ চুরি করতে যত ধরনের কৌশল এবং ছলচাতুরতা অবলম্বন করুক না কেন আমারা ঠিক তাকে ধরে ফেলতে পারবো। এছাড়া তিনি চোরেদের উদ্যেশে সর্তক করে বলেন আগে যা করেছেন এখন থেকে ভাল হয়ে যান। সরকারী সম্পদ চুরি করে কেউ রেহায় পাবে না। ধরা পড়লে সাথে সাথে কঠোর হাতে ব্যবস্থা নেওয়া হবে। সম্প্রতি ডিষ্ট্রিলারীর ইলেক্ট্রিক হেলপার আব্বাস আলীর বাক্সে ৬ বোতল ফরেনলিকার ও খালী

২টি মদের বোতল উদ্ধার হয়।

এ ঘটনায় কেরজ কর্তৃপক্ষ ৩ সদস্যর তদন্ত কমিটির মাধ্যমে তদন্ত করে আব্বাস আলীকে সাময়িক বরখাস্ত করেছেন। আগামীতে কেউ যদি মদ চুরি করে ধরা পড়ে তাহলে তার বিরুদ্ধে তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহন করবেন বলে জানান ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

দর্শনা কেরু চিনিকলে ১০ দিন পরে এলো টিএসপি সার ও কীটনাশক

চুয়াডাঙ্গা জেলার একমাত্র ভারী শিল্প প্রতিষ্ঠান দর্শনার ঐতিহ্যবাহী কেরু চিনিকল এলাকায় ইক্ষু রোপন ভরা মৌসুমে হঠাৎ করে টিএসপি সার, মাটিশোধন ও কীটনাশক চরম সংকট, দেখা দেয়।

এলাকার আখচাষী কৃষকরা গত সোমবার ২১ অক্টোবর বেলা ১১ টার দিকে কেরু চিনিকল মিল গেট কেরু সার গোডাউন থেকে সার না পেয়ে ফীরে যাচ্ছিল কৃষকরা।

ঐদিন সরজমিনে গিয়ে দেখা যায় আখ রোপনের জন্য অর্ধশতাধিক কৃষক সার না পেয়ে হতাশ হয়ে ফিরে যাচ্ছে। এরপরেও ২০/২৫ জন কৃষক সার আসবে ভেবে আলমসাধু ইজিবাইক ও পাখিভ্যান নিয়ে অপেক্ষা করতে দেখা গেছে। এ আখ রোপন ভরা মৌমুমে হঠাৎ হঠাৎ বৃষ্টির কারনে আখ রোপন ব্যাহত হচ্ছে। অন্যদিকে কেরু চিনকলের গোডাউন থেকে সার না পাওয়াই হতাশাগ্রস্ত হয়ে পড়ছে কৃষকরা। এ বিষয়ে বেশ কিছু পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। এরপর তৎক্ষনিক কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান তড়িৎ পদক্ষেপ নেয়। তিনি নিজ উদ্দ্যগে গতকাল বুধবার সার ও কীটনাশক সমস্যা সমাধান করেন।

গতকাল সরেজমিনে গিয়ে দেখা যায় একের পর এক ট্রাক ভর্তি সার কেরু গোডাউল এলাকায় প্রবেশ করছে। ফলে কেরু চিনিকল মিলগেট এলাকায় সার ও কীটনাশক সংকট সমস্যা নিরসন হয়েছে। ফলে আজ বৃহস্পতিবার থেকে সার সংকট থাকবে না বলে গোডাউন অফিসার মাহবুবুর রহমান জানান।

গতকাল বুধবার ৭টি ট্রাকে ৯৫ টন টিএসপি, ২শত টন এমওপি সার কেরু গোডাউনে মজুদ করা হয়েছে। এছাড়া গতকাল বুধবার ৩০০ শত টন ইউরিয়া সার পথের মধ্যে রয়েছে বলে জানান ঐ গোডাউন অফিসার। ফলে কৃষকদের চাহিদা অনুযায়ী এখন থেকে সার ও কীটনাশক পাবে। মিল কর্তৃপক্ষ জানিয়েছেন।

দর্শনায় ফেনসিডিল ও গাঁজাসহ মহিলা মাদক ব্যবসায়ী আটক

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩২বোতল ফেনসিডিল ও ১শ ৭০ গ্রাম গাঁজাসহ তাসলিমা খাতুনকে (৩০)আটক করেছে। আটককৃত তাসলিমা খাতুন দর্শনা পৌরসভার রামনগর গ্রামের ফরজ আলীর স্ত্রী।

জানাযায় গতকাল বুধবার সন্ধা সাড়ে ৬ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় রামনগর গ্রামে। এ সময় দর্শনা থানার এস আই অনুজ কুমার সরকার গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় রামনগর গ্রামের ফরজ আলী ওরফে সবুজ এর বসত বাড়ীর শয়ন কক্ষে। সেই সময় পুলিশ তার ঘরের কক্ষ থেকে ৩২ বোতল ফেনসিডিল ও ১শ ৭০ গ্রাম গাঁজাসহ তাসলিমাকে আটক করে।

আটককৃত তাসলিমাকে এসআই অনুজ কুমার সরকার বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্টে সোপর্দ করবে বলে জানিয়েছে পুলিশ।

কেরুজ চিনিকল মিলস গেট আখচাষী কল্যাণ সংস্থার দ্বি-বার্ষিক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এমডি মোহাম্মদ মোশারেফ হোসেন। এই ঘটনায় জাতীয় স্থানীয় পত্র-পত্রিকায় সংবাদ প্রকাশিত হলে নড়ে চড়ে বসে কতৃপক্ষ। এ ঘটনার পর মন্ত্রণালয় বরাবর লিখিত অভিযোগ দায়ের করেন মৌসুমী শ্রমিক মোঃ মহিদুল ইসলাম। এ ঘটনা তদন্তে বাংলাদেশ শিল্প চিনি ও খাদ্য কর্পোরেশনের সচিব আনোয়ার কবির প্রধান করে ৩ সদস্যের একটি তদন্ত টিম গঠন করে।

তদন্ত কমিটি জিজ্ঞেসা বাদের জন্য তৎকালীন দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেন, কেরু শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, শ্রমিক আব্দুল মান্নান, অভিযোগকারী মোঃ মহিদুল ইসলামসহ অনেকের লিখিত ভাবে চিঠি প্রদান করেছে।

আজ সোমবার দুপুরে তদন্ত কমিটির প্রধান বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের সচিব আনোয়ার কবির ঘটনা সংশ্লিষ্টদের সাথে কথা বলে লিখিত বক্তব্য নেন। তিনি সাংবাদিকদেও এক প্রশ্নের জবাবে বলেন, এ ঘটনায় তদন্ত চলমান রয়েছে তদন্ত শেষ হলে আপনাদের জানাবো।

এ নিয়োগ সংক্রান্ত ব্যাপারে দর্শনা কেরু অ্যান্ড কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, তদন্ত কমিটি এসেছে তাদের তদন্ত কার্যক্রম পরিচালনা করছেন। তদন্ত শেষে প্রকৃত রহস্য আপনারা জানতে পারবেন।

দর্শনায় ৪০ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪০ বোতল ফেনসিডিলসহ হাফিজ (৩৫) কে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত হাফিজ দর্শনা থানার আকন্দবাড়িয়া গ্রামের মিনহাজ উদ্দীনের ছেলে। আজ রবিবার সকাল ৬ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় আকন্দবাড়িয়া

বন্ধু তলা পাকা রাস্তার উপরে।

এ সময় দর্শনা থানার এস আই শামসুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ দর্শনা-জীবননগর সড়কে অভিযান চালিয়ে ৪০ বোতল ফেনসিডিলসহ আকন্দবাড়িয়া মাঝপাড়ার হাফিজকে তল্লাশি করে গ্রেফতার করে।

এ ঘটনায় এস আই শামসুর রহমান বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্টে সোপর্দ করেছে।

দর্শনায় পৃথক পৃথক ভাবে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গার দর্শনায় পৃথক পৃথক ভাবে সারাদেশের ন্যায় দীর্ঘ ১৬ বছর পর ব্যাপক উৎসাহ উদ্দিপনার মধ্যে দিয়ে বণ্যট্য আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে যুবদলের দর্শনা পৌর শাখার আয়োজনে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।

দর্শনা পুরাতন বাজার দোয়েল চত্তর থেকে র্যালিটি শুরু হয়ে দর্শনা রেলবাজার শাহিরিয়ার হোসেন ও মুগ্ধ মঞ্চে এসে শেষ হয়। এরপর যুবদলের সভাপতি ফারুক হোসেনের সভাপতিত্বে প্রতিবার্ষীকীর আলোচনা সভা শুরু হয়।

এ আলোচনা সভায় বক্তব্য রাখেন,দর্শনা পৌর শাখার সিনিয়ার সহ সভাপতি ও প্রধান সমন্বয়ক অনুষ্ঠানের প্রধান অতিথি হাবিবুর রহমান বুলেট, জেলা শ্রমিক দলের সাধারন সম্পাদক শফিকুল ইসলাম সাবু, দর্শনা পৌর সাবেক সাংগঠনিক সম্পাদক সমন্বয় কমিটির সদস্য নাহারুল ইসলাম, সমন্বয় কমিটির সদস্য শরীফ উদ্দীন, বিএনপির সমন্বয় কমিটির

সদস্য, মশিউর রহমান, নাসির উদ্দীন খেদু, সমন্বয় কমিটির সদস্য মাহবুবুল রহমান খোকন,সদস্য লুৎফর রহমান, রেজাউল ইসলাম, মমিনুল ইসলাম, যুবদলের যুগ্ন আহবায়ক মোস্তাফিজুর রহমান মোহন, রকিবুল হোসেন ব্রাইট, নাসির উদ্দীন খান হাসু, আরুক, মাহাবুল, মোর্শেদ লিংকন, আশিক, দর্শনা পৌর ছাত্রদলের আহবায়ক আরাফাত হোসেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহম্মেদ, দর্শনা পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক আব্দুল মান্নান, সদস্য সচিব রাশেদ আহম্মেদ, আলতাফ হোসেন, আব্দুস ছাত্তার, অনুষ্ঠানটি পরিচালনা করেন,দর্শনা যুবদলের সাধারন সম্পাদক জালাল উদ্দীন ও দর্শনা পৌর যুবদলের যুগ্ন আহবায়ক জাহান আলী।

অপরদিকে বিকাল সাড়ে ৪ টার দিকে সমন্বয় কমিটির সদস্য খন্দকার শওকত আলী, এনামৃল হক শাহা মুকুল ও ইকবাল হোসেনের নেতৃত্বে দর্শনা রেল ইয়ার্ড থেকে বণ্যঢ্য র্যালি বের হয়।

র্যালিটি দর্শনার প্রধান সড়ক প্রদক্ষিন করে দর্শনা বাসষ্ট্যান্ড এলাকায় আলোচনাসভা অনুষ্টিত হয়।

এ আলোচনা সভায় দর্শনা থানার সিনিয়ার যুগ্ন আহবায়ক ওয়াজেদুল হক টুটুলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি নেতা হাজী খন্দকার শওকত আলী, সমন্বয় কমিটির সদস্য এনামৃল হক শাহা মুকুল, ইকবাল হোসেন,হাবিবুল্লা, ছাত্রদলের সদস্য সচিব আবদুল্লা আল মামুন, ছাত্রদলের যুগ্ন আহবায়ক রাসেল উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠান শেষে দর্শনা পুরাতন বাজারে কেকে কেটে যুবদলের প্রতিষ্ঠা বার্ষিকীর সমাপ্ত ঘোষনা করে।

দর্শনায় ২৩ বোতল ফেনসিডিলসহ যুবক আটক

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২৩ বোতল ফেনসিডিলসহ রুমন মিয়াকে (৩২) আটক করেছে।আটককৃত রুমন দর্শনা থানার পারকৃষ্টপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের আব্দুল মমিনের

ছেলে।

আজ শনিবার বিকাল ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীরের নেতৃত্বে অভিযান চালায় নাস্তিপুর গ্রামে।

এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে নাস্তিপুর গ্রামের আব্দুল মমিনের বাড়িতে। সে সময় পুলিশ আব্দুল মমিনের উঠানের পাশ থেকে ২৩ বোতল ফেনসিডিল উদ্ধার করে। পরে পুলিশ রুমন মিয়াকে আটক করে।

আটককৃত রুমনকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

দর্শনায় ফেনসিডিল ও পলাতক আসামিসহ গ্রেফতার ৩

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২ বোতল ফেনসিডিল ও পলাতক আসামিসহ ৩ জনকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত ৩ জন বেগমপুর ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামের ইনজিল হোসেনের ছেলে আব্দুস সালামকে (৩৭) ২ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার করে।

অপরদিকে অভিযান চালিয়ে দীর্ঘদিনের পলাতক আসামী দর্শনা আকন্দবাড়িয়া গ্রামের আলাউদ্দিনের ছেলে জাহাঙ্গীর হোসেন(৩৫)ও দর্শনা থানার গড়াইটুপি ইউনিয়নের গড়াইটুপি গ্রামের ১ বছরের পলাতক আসামি আবু বাদশার ছেলে আরিফুল ইসলামকে (৪০) গ্রেফতার করে।

জানাযায় আজ শুক্রবার ভোর থেকে অভিযান চালায় দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর। এ সময় শহীদ তিতুমীরের নেতৃত্বে দর্শনা থানার বিভিন্ন গ্রামে অভিযান চালায়।

এ সময় পুলিশ দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামে অভিযান চালিয়ে জি আর মামলার পলাতক আসামী আব্দুস সলামকে তাকে